

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স - ৪৪৯৫(আগরতলা, ৭।৩)

খোয়াই, ৭ মার্চ, ২০১৯

তুলাশিখরে কৃষকদের মধ্যে কৃষি যন্ত্রপাতি বিতরণ

২০২২ সালের মধ্যে কৃষকদের আয় দ্বিগুণ করার লক্ষ্যে সরকার বিভিন্ন পরিকল্পনা হাতে নিয়েছে। সেই লক্ষ্যেই তুলাশিখর কৃষি মহকুমার উদ্যোগে চলতি অর্থবছরে ১৯ জন কৃষককে ৭৫ হাজার টাকার ভর্তুকীতে এম আই ডি এইচ মিশনে ১৯টি পাওয়ারটিলার এবং ৪৭ জন কৃষককে এস এম এ এম মিশনে ৭৫ হাজার টাকা ভর্তুকীতে ৪৭টি পাওয়ারটিলার বিতরণ করা হয়। এছাড়া ১৪ জন কৃষককে ১০ হাজার টাকা ভর্তুকীতে স্টেট প্ল্যানে ১৪টি পাম্পসেট এবং ৪ জন কৃষককে ১০ হাজার টাকা ভর্তুকীতে এন এফ এস এম মিশনে ৪টি পাম্পসেট বিতরণ করা হয়। তাছাড়া ১৪৪ জন কৃষককে স্টেট প্ল্যানে ১৩০০ টাকা ভর্তুকীতে ১৪৫টি যন্ত্রচালিত স্প্রে মেশিন এবং ৫৫ জন কৃষককে এন এফ এস এন মিশনে ৮০০ টাকা ভর্তুকীতে ৫৫টি স্প্রে মেশিন বিতরণ করা হয়। তুলাশিখর কৃষি মহকুমা তত্ত্বাবধায়ক কার্যালয় থেকে এ তথ্য জানানো হয়েছে।
